

## উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিঃ তারিখ, রোজ- বৃহস্পতিবার

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাশুরু করা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার সমাজকল্যাণ কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরনের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন ধরনের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ কমিটি
২। সামাজিক নিরাপত্তা বেটনী কার্যক্রমের বিভিন্ন ভাতাতোগী উনুস্ত পদ্ধতিতে নির্বাচন সংক্রান্ত আলোচনাঃ কমিটির সদস্য সচিব আরও জানান যে, সমাজসেবা অধিদফতরের সামাজিক নিরাপত্তা বেটনী কার্যক্রমের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা চলমান আছে। মোংলা উপজেলায় ভাতা কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তবে, ভাতা বাস্তবায়ন নীতিমালায় উনুস্ত পদ্ধতিতে উপকারভোগী বাছাই করার কথা বলা। এছাড়া, ভাতা কার্যক্রমের আওতায় উপকারভোগীদের অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করার বাধ্যবাধকতা আছে। কিন্তু, কোন ইউনিয়ন পরিষদ অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করেনা। ভাতা কার্যক্রমের উপকারভোগী উনুস্ত পদ্ধতিতে বাছাই এবং অপেক্ষমাণ তালিকা প্রণয়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদগুলোকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পন্থা উদ্ভাবন করার জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	২। উপস্থিত সদস্যরা এই বিষয়ে তাদের মতামত প্রদান করেন। দীর্ঘ আলোচনা শেষে ভাতা কার্যক্রমের উপকারভোগী উনুস্ত পদ্ধতিতে বাছাই এবং অপেক্ষমাণ তালিকা প্রণয়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদগুলোকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি উন্নয়ন সমন্বয় সভায় উত্থাপনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

  
৩০.১২.২১

(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০৩৯.১৮.৩৪৯


তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।

  
২০.১২.২১

(এস.এম. মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি